

বাংলাদেশ কোস্ট গার্ড এর সাফল্য - মে ২০২২

১। **সর্বমোট অর্জন।** বাংলাদেশ কোস্ট গার্ড মে ২০২২ মাসে সর্বমোট ২৩৬,৪৬,২৮,১০৫/০০ (টাকা দুইশত ত্রিশ কোটি ছেচল্লিশ লক্ষ আঠাশ হাজার একশত পাঁচ মাত্র) মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য।** মে ২০২২ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ০৬ কোটি ১৭ লক্ষ ৪০ হাজার ৪৭৫ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	লোহা	৪০০ কেজি	২০,০০০/০০
২।	বার্থিং হাউজার	২৭০ মিটার	২,৪১,৫০০/০০
৩।	কীকড়া	২৫০ কেজি	১,০০,০০০/০০
৪।	পাংগাস	২,৫০০ কেজি	৭,৫০,০০০/০০
৫।	ডেজার/বাল্কহেড	০৪ টি	-
৬।	মোবাইল	০৪ টি	৪৮,৫০০/০০
৭।	ট্রাক	০৫টি	১,২০,০০,০০০/০০
৮।	বোট	০১ টি	১,৫০,০০০/০০
৯।	অন্যান্য	-	২,৯৭,১৭৫/০০
মোট			১,৩৬,০৭,১৭৫/০০
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	৫,৬৩,৭৫,৫০০ মিটার	১৯৭,৩১,৪২,৫০০/০০
২।	বেহন্দি/মশারি জাল	১,৪৭৪ টি	২,১৬,৮৪,৫০০/০০
৩।	চরঘেরা ও অন্যান্য জাল	২৬,৭৯,৮০০মিটার	১৫,১০,৩৫,৫০০/০০
৪।	জাটকা	৫,৯৪৫ কেজি	১৯,০৪,৫১৫/০০
৫।	বিভিন্ন প্রকার পোনা	২,৯৩,৪৪,৭৫৪পিস	১৫,২৪,৫১,০০০/০০
৬।	বোট	০৭ টি	২৬,৬৯,৬১৫/০০
মোট			২৩০,২৮,৮৭,৬৩০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	১,৫৬,৯৪৬ পিস	৪,৭১,০৪,২০০/০০
২।	গাঁজা	১,৮৭০ গ্রাম	৩৭,৭০০/০০
৩।	বিয়ার	৪৯২ ক্যান/বোতল	২,৭৯,২০০/০০
৪।	দেশীয় মদ	২০ লিটার	১০,০০০/০০
৫।	মোটর সাইকেল	০৩ টি	৩,৮০,০০০/০০
৬।	বোট	০১ টি	৩,০০,০০০/০০
৭।	মোবাইল	০৮টি	২২,২০০/০০
মোট			৪,৮১,৩৩,৩০০/০০
পরিবেশ রক্ষা			
১।	হরিণের চামড়া	০১ টি	-
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	৩৭ জন	-
উদ্ধার অভিযান			
১।	জেলে/যাত্রী উদ্ধার	০৯ জন	-
২।	মৃতদেহ উদ্ধার	০৩ টি	-
সর্বমোট			২৩৬,৪৬,২৮,১০৫/০০

(৩) **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** মে ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মৎস্য সম্পদ রক্ষা অভিযানে টাকা ২৩০,২৮,৮৭,৬৩০ (টাকা দুইশত ত্রিশ কোটি আঠাশ লক্ষ সাতাশি হাজার ছয়শত ত্রিশ মাত্র) মূল্যের অবৈধ জাল ও জাটকা আটক করা হয়।

(৪) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান। মে ২০২২ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,৫৬,৯৪৬ পিস ইয়াবা, ৪৯২ ক্যান বিয়ার, ২০ লিটার দেশীয় মদ ও ১.৮৭০ কেজি গাঁজা আটক করা হয় এবং আটককৃত মাদকদ্রব্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

(৫) ডাকাত/বনদস্যুতা দমন, অবৈধ অস্ত্র ও রামদা এবং বাংলা দা উদ্ধার। মে ২০২২ মাসে সুন্দরবনসহ উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড অভিযান পরিচালনা করে ৩৭ জন ডাকাত/বনদস্যু/মাদক ব্যবসায়ী অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তিদের আটক করা হয়।

(৬) উদ্ধার অভিযান।

ক। গত ০২ মে ২০২২ তারিখে ভোলা রামদাসপুর মেঘনা নদীতে গোসল করতে গিয়ে ০২ জন ব্যক্তি পানিতে নিখোঁজ হয়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি বেইস ভোলা অভিযান পরিচালনা করে ০১ জন জীবিত ব্যক্তিকে উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত ব্যক্তিকে নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

খ। গত ১৫ মে ২০২২ তারিখে ভোলায় গাজীবাড়ি ফুট ব্রিজ এর নিকট হতে বিসিজি বেইস ভোলা অভিযান পরিচালনা ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

গ। গত ১৯ মে ২০২২ তারিখে মেঘনা নদীর শউসী ঘাট হতে বিসিজি আউটপোস্ট তজুমুদ্দিন অভিযান পরিচালনা করে ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

ঘ। গত ২১ মে ২০২২ তারিখে ০১টি ফিশিং ট্রলার মেঘনা নদীর লতার চর এলাকায় পানিতে ডুবে যায়। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে তৎক্ষণাত বিসিজি আউটপোস্ট মনপুরা অভিযান পরিচালনা করে ০৮ জন জীবিত উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত ব্যক্তিদের স্থানীয় প্রশাসন এর নিকট হস্তান্তর করা হয়।

ঙ। গত ২৭ মে ২০২২ তারিখে বিসিজি স্টেশন পাগলা নিয়মিত অভিযান পরিচালনার সময় ধারমাগঞ্জ হতে অজ্ঞাত ০১টি মৃতদেহ উদ্ধার করতে সক্ষম হয়। পরবর্তীতে উদ্ধারকৃত মৃতদেহ নৌ পুলিশ এর নিকট হস্তান্তর করা হয়।

